

সুধীরঞ্জন লাহিড়ী মহাবিদ্যালয়
মাজদিয়া, নদীয়া

টেন্ডার নোটিশ (srlm/tender/canteen/ 2019)

তাং-০৭।১২।২০১৯

কলেজ ক্যান্টিন চালানোর জন্য দরপত্রের আহ্বান করা হচ্ছে। সিল করা খামে অধ্যক্ষের অফিসে জমা দিতে হবে।

উল্লেখযোগ্য বিষয়

- ১। একটানা তিন বছরের জন্য ক্যান্টিন লিজ দেওয়া হবে।
- ২। ক্যান্টিনের মাসিক ভাড়া দরপত্রে উল্লেখ করতে হবে। ন্যূনতম ৫০০/- (পাঁচশো টাকা)। ইলেকট্রিক চার্জ আলাদা। সাব-মিটার বসিয়ে মিটার অনুযায়ী নেওয়া হবে।

ন্যূনতম শর্তাবলী

- * সকাল ১০-৩০ মি. থেকে বিকাল ৪-৩০ মি. পর্যন্ত রবিবার ও ছুটির দিন বাদে ক্যান্টিন খোলা রাখতে হবে।
- * টাটকা খাবার পরিবেশন করতে হবে। পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।
- * গরম জল ও সাবান দিয়ে ধুতে হবে ব্যবহৃত বাসনপত্র।
- * জল সরবরাহ, ৪টি ফ্যান ও ২টি টিউবলাইট সহ ক্যান্টিন ঘর কলেজ কর্তৃপক্ষ দেবে।
- * খাবার হিসাবে থাকবে- চা, বিস্কুট, কফি, কেক, রুটি, লুচি, চাউমিন, ঘুঘনি, আলুর দম, বিভিন্ন চিপস, কোন্ড ডিক্স, মিষ্টি ইত্যাদি। অর্ডার অনুযায়ী ভাতের মিলের ব্যবস্থা রাখতে হবে।
- * কোনভাবেই তামাক জাতীয় দ্রব্য বিক্রি করা যাবে না। কোন নেশার দ্রব্য রাখা যাবে না।
- * বাজার নির্ধারিত মূল্যে ছাত্রছাত্রীদের খাবার পরিবেশন করতে হবে।
- * তিন বছরের জন্য ৫০০০/- (পাঁচ হাজার টাকা) জমা দিতে হবে। যা অফেরতযোগ্য।
- * কলেজ স্টাফদের চাহিদা অনুযায়ী চা ও অন্যান্য খাবার সঠিক মূল্যে সরবরাহ করতে হবে।
- * কোটেশন পৌঁছানোর শেষ তারিখ : ১৪।১২।২০১৯। বেলা ৩ টে পর্যন্ত।
- * সিলকরা খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা (মোবাইল নং সহ) ও বিষয়ের উল্লেখ করতে হবে।
- * কলেজের সঙ্গে যুক্ত এমন ব্যক্তি আবেদন করতে পারবেন না।
- * সিলকরা খামে কোটেশন পৌঁছাতে হবে কলেজ অফিসে সরাসরি অথবা রেজিষ্ট্রি-ডাক মারফৎ।
- * কর্তৃপক্ষ বিনা নোটিশে অসম্পূর্ণ আবেদনপত্র এবং টেন্ডার পত্রটি বাতিলের অধিকার রাখে।

পরিচালনার শর্ত

- * ক্যান্টিনের পিছনে বা পাশে নোংরা জমানো যাবে না। প্রতিদিন নোংরা গর্তে ফেলতে হবে।
- * ক্যান্টিন বন্ধ করার আগে আলো, পাখা, জলের কল বন্ধ করে যেতে হবে।
- * Girls ক্যান্টিনের নিরাপত্তা কোনভাবেই বিঘ্নিত করা যাবে না।
- * ক্যান্টিন চালাতে না পারলে ২ মাস আগে কলেজ কর্তৃপক্ষকে জানাতে হবে।
- * শুধু দুর্গাপূজার মাসে কোন ভাড়া দিতে হবে না। সেই সময় ক্যান্টিন বন্ধ থাকবে।
- * প্রতি মাসের ভাড়ার টাকা প্রতি মাসের প্রথম ১৫ দিনের মধ্যে জমা দিয়ে রসিদ নিতে হবে।




ভরিপ্রাপ্ত অধ্যক্ষ

DR. SOMNATH BANDYOPADHYAY
Teacher-In-Charge
S.R.L. Mahavidyalaya
Majdia, Nadia, West Bengal, 741506